দৈনিক বাংলা

003

তারিখ 1[illegible] MAY 1987

পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১

৩০শে বৈশাখ ১৩৯৪

## প্রেসিডেন্টের প্রতি প্রাথমিক শিক্ষক সমিতির কৃতজ্ঞতা

প্রাথমিক শিক্ষক সমিতির এক প্রতিনিধিদল শুক্রবার সন্ধ্যায় প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের সঙ্গে সাক্ষাৎ করেন।

সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদের নেতৃত্বে প্রতিনিধিদলের সদস্যগণ

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## দরিদ্র ছাত্রদের জন্য শিক্ষাঋণের পরিকল্পনা

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেছেন, দরিদ্র ও মেধাবী ছাত্রদের জন্য শিক্ষা ঋণ প্রদানের একটি পরিকল্পনা বর্তমানে শিক্ষা মন্ত্রণালয়ের বিবেচনাধীন আছে। অর্থাভাবে যেসব মেধাবী ছাত্র প্রয়োজনীয় শিক্ষা বা উচ্চ শিক্ষা গ্রহণ করতে পারছে না তাদের

শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ

## কৃতজ্ঞতা

(১-এর পৃঃ পর)

প্রাথমিক শিক্ষকদের কল্যাণে বিভিন্ন পদক্ষেপ গ্রহণের জন্য তাদের পক্ষ থেকে প্রেসিডেন্ট এরশাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

প্রতিনিধিদল প্রাথমিক শিক্ষক সমিতির আসন্ন মহাসম্মেলন উদ্বোধন করতে প্রেসিডেন্টকে আমন্ত্রণ জানান। খবর বাসসের।

## পরিকল্পনা

(প্রথম পৃঃ পর)

সাহায্য করাই এই ঋণদানের লক্ষ্য।

মন্ত্রী শুক্রবার সকালে তার সরকারী বাসভবনে প্রাথমিক শিক্ষক সমিতির এক প্রতিনিধিদলের সঙ্গে আলোচনাকালে একথা বলেন।

মন্ত্রীর সঙ্গে তারা প্রাথমিক শিক্ষকদের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় এবং প্রাথমিক শিক্ষার ব্যাপারে আলোচনা ও মত বিনিময় করেন: খবর তথ্য বিবরণীর।

আলোচনাকালে তাঁরা প্রেসিডেন্ট এরশাদের প্রাথমিক শিক্ষকদের পোষ্যদের মধ্য থেকে শতকরা ২০ ভাগ শূন্য পদ পূরণের ঘোষণা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষামন্ত্রীর প্রতি অনুরোধ জানান।

অন্যান্য সরকারী কর্মচারীর মত গৃহনির্মাণ ঋণের সুযোগ প্রাথমিক শিক্ষকদের মধ্যে সম্প্রসারণের জন্যও তারা মন্ত্রীকে অনুরোধ জানান।

মন্ত্রী ঘোষণা করেন যে আগামী বছর থেকে জেলাভিত্তিক একজন করে শ্রেষ্ঠ শিক্ষককে রাষ্ট্রীয় পর্যায়ে সম্মানিত ও পুরস্কৃত করা হবে। উক্ত শিক্ষক প্রাথমিক, মাধ্যমিক, মাদ্রাসা ও কলেজ পর্যায়ে শিক্ষকদের মধ্য থেকে নির্বাচিত হবেন। নির্বাচিত শিক্ষককে 'প্রেসিডেন্ট গোল্ড মেডেল' প্রদান করা হবে: তিনি বলেন, প্রত্যেক শিক্ষকের এই সম্মান ও পুরস্কার অর্জনের লক্ষ্যে কাজ করা উচিত।